

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৯

বাংলা

(সাম্মানিক)

(চতুর্থ ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGH-403

(স্বাধীনতা-পরবর্তী বাংলা সাহিত্য—২)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৪

(ক) আখতারুজ্জামান ইলিয়াসের জন্ম ও মৃত্যু সাল উল্লেখ করো। ‘সংস্কৃতির ভাঙা সেতু’ প্রবন্ধগ্রন্থটিতে মোট ক’টি প্রবন্ধ আছে? “আস্ত একজন মানুষ কখনো সংস্কৃতি-শূন্য জীবনযাপন করতে পারে না।” মন্তব্যটির আলোকে ‘সংস্কৃতির ভাঙা সেতু’ প্রবন্ধটির তাৎপর্য বিশ্লেষণ করো। ২+১+১১=১৪

(খ) আখতারুজ্জামান ইলিয়াসের লেখা দুটি ছোটগল্পের নাম লেখো। ছোটগল্পের সংকট সম্পর্কে ইলিয়াসের দৃষ্টিভঙ্গি আলোচনা করো। ২+১২=১৪

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৪

(ক) ‘সাজানো বাগান’ নাটকটি কত সালে রচিত? নাটকটির প্রথম অঙ্কে ক’টি দৃশ্য আছে? নাটকটির শিল্পনির্মাণে অপ্রধান চরিত্রগুলির গুরুত্ব আলোচনা করো। ১+১+১২=১৪

(খ) পদ্ম কে? ‘সাজানো বাগান’ নাটকটি কার লেখা? নাটকটির নামকরণের সার্থকতা আলোচনা করো। ১+১+১২=১৪

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৪

(ক) দশরথ কে? ‘পিণ্ডদান’ গল্পে মহাশ্বেতা দেবী কোন্ ব্যাবসার কথা তুলে ধরেছেন? গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১+১+১২=১৪

(খ) উচ্ছবের আসল নাম কী? হোমযজ্ঞের তান্ত্রিক কী কী আনতে বলেছিলেন? কলকাতায় গিয়ে উচ্ছবের কী পরিণতি হয়েছিল তা ‘ভাত’ গল্প অবলম্বনে আলোচনা করো। ১+২+১১=১৪

৪। সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনো দুটি) : ৪×২=৮

(ক) অপসংস্কৃতি

(খ) ‘সাজানো বাগান’-এর বাঞ্ছারাম

(গ) ‘বিছন’ গল্পের দুলাল

(ঘ) উপন্যাসে সমাজ-বাস্তবতা
